

রেজিস্টার্ড নং ডি এ-১

“জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুন ২৮, ২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
কর্মসম্পাদন ব্যবস্থাপনা অধিশাখা
প্রজ্ঞাপন

তারিখ : ৮ আষাঢ়, ১৪২৮ বঙ্গাব্দ/২২ জুন, ২০২১ খ্রিষ্টাব্দ

নং ৪১.০০.০০০০.০১৬.২৩.০০১.২১-২৩০।—মাদার অব হিউম্যানিটি সমাজকল্যাণ পদক নীতিমালা-২০১৮' এর অনুচ্ছেদ ১০.২.১০.৫.১১.১(ঙ).১৩ এবং ১৩(ক) নিম্নরূপভাবে সরকার কর্তৃক সংশোধন/প্রতিস্থাপন করা হলো :

(ক) বর্ণিত নীতিমালার অনুচ্ছেদ ১০.২ নিম্নরূপভাবে প্রতিস্থাপিত হবে :

“১০.২ “মনোনয়ন আহ্বান করে নির্দিষ্ট সময়ের মধ্যে জেলা কমিটির সদস্য-সচিব এর নিকট প্রেরণের জন্য ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ায় বহুল প্রচারের ব্যবস্থা করা হবে। অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের নিকট প্রস্তাব আহ্বান করে পত্র প্রেরণ করা হবে। সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীনস্থ সমাজসেবা অধিদফতরসহ অন্যান্য সংস্থার ওয়েবসাইটে এ সংক্রান্ত সকল তথ্য প্রকাশ করা হবে;”

(খ) নীতিমালার অনুচ্ছেদ ১০.৫ নিম্নরূপভাবে প্রতিস্থাপিত হবে :

“১০.৫ মন্ত্রণালয়/বিভাগ হতে প্রস্তাব সরাসরি সমাজকল্যাণ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;”

(গ) নীতিমালার অনুচ্ছেদ ১১.১ এর কর্মসূচি ও নির্ধারিত সময়সীমা সংক্রান্ত (ঙ) ক্রমিক নিম্নরূপভাবে প্রতিস্থাপিত হবে :

“(ঙ) মন্ত্রণালয়/বিভাগ হতে সমাজকল্যাণ মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ-২০ আগস্ট”

(ঘ) নীতিমালার অনুচ্ছেদ ১৩-এ উল্লিখিত জাতীয় কমিটির নাম নিম্নরূপভাবে প্রতিস্থাপিত হবে :

“জাতীয় পর্যায়ে বাছাই কমিটি”

(৯৮০৩)

মূল্য : টাকা ৪.০০

(ঙ) নীতিমালার অনুচ্ছেদ ১৩(ক) নিম্নরূপভাবে প্রতিস্থাপিত হবে :

“(ক) মাননীয় মন্ত্রী, সমাজকল্যাণ মন্ত্রণালয়-সভাপতি”

০২। ‘মাদার অব হিউম্যানিটি সমাজকল্যাণ পদক নীতিমালা-২০১৮’ এর এ সংশোধনী অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

খাদিজা নাজনীন
উপসচিব।